# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

শিরোমনি শিল্প এলাকা, খুলনা-৯২০৬।

www.bcsl.gov.bd

নং-১৪.৩৭.০০০০.২০১.১১.০১২.১৯.৮৬৬

তারিখ ঃ ১২-০৩-২০২০ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড(বাকেশি) টেলিকমুনিকেশন ক্যাবলস (কপার ও অপটিক্যাল ফাইবার), এইচডিপিই ডাক্ট এন্ড বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টরস ও ক্যাবলস প্রস্তুতকারী একটি বৃহৎ সরকারী মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানী। উৎপাদনমুখী এই আধুনিক শিল্প প্রতিষ্ঠানের বিধিমালা অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন দক্ষ ও মেধাবী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত পদসমূহে স্থায়ী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বাকেশি বেতন গ্রেড | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (আইটি সেল) | ১ টি | বেতন গ্রেড-৬<br>টাকা ২০৪৮০-৪৯৪৪০/= | (১) কোন অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং(কম্পিউটার টেকনোলজি) পাশ।<br>(২) এসএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে প্রথম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৩.০ থাকতে হবে।<br>(৩) নিম্নোক্ত বিষয়ের উপর ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে ঃ<br>(ক) কম্পিউটার মেরামত, রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান;<br>(খ) প্রযুক্তিগত ব্যবস্থাপনা এবং কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার সিস্টেমের উপর ব্যবহারিক ও যুগোপযোগী জ্ঞান;<br>(গ) কম্পিউটার নেটওয়ার্ক এবং নেটওয়ার্ক ইনস্টলেশন এর উপর বাস্তব অভিজ্ঞতা। |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক) | ১ টি | বেতন গ্রেড-৬<br>টাকা ২০৪৮০-৪৯৪৪০/= | (১) কোন অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/ইলেক্ট্রনিক টেকনোলজি) পাশ।<br>(২) এসএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে প্রথম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৩.০ থাকতে হবে।<br>(৩) টেলিযোগাযোগ/বৈদ্যুতিক ক্যাবল প্রস্তুতকারী কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>(৪) প্রার্থীকে পিএলসি, ইনভারটার ও ইলেকট্রনিক সার্কিট হার্ডওয়্যার এর উপর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | নিরীক্ষা কর্মকর্তা | ১ টি | বেতন গ্রেড-৬<br>টাকা ২০৪৮০-৪৯৪৪০/= | (১) যে কোন বিষয়ে ৪ বছরের স্নাতক সম্মান/স্নাতকোত্তর পাশ।<br>(২) শিক্ষা জীবনে ২টি পরীক্ষায় কমপক্ষে ১ম বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) অথবা জিপিএ ৩.০(জিপিএ ৪ এর ক্ষেত্রে) থাকতে হবে এবং কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>(৩)সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে কর্মরত সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>(৪) কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও পাওয়ার পয়েন্ট) দক্ষ হতে হবে। |
| ৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১ টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) এইচএসসি অথবা সমমানের পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট) দক্ষ হতে হবে।<br>(৪) কম্পিউটার টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজিতে ২৫ শব্দ হতে হবে। |
| ৫। | কেন্টিন সহকারী | ১টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) এইচএসসি অথবা সমমান পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।<br>(৪) কোন বৃহৎ প্রতিষ্ঠানে কেন্টিন পরিচালনার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৬। | ভান্ডার সহকারী | ১ টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) এইচএসসি অথবা সমমান পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল) দক্ষ হতে হবে।<br>(৪) কোন বৃহৎ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৭। | মেশিন অপারেটর | ৮টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) এইচএসসি অথবা সমমান পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল) দক্ষ হতে হবে।<br>(৪) বৈদ্যুতিক/টেলিকমুনিকেশন ক্যাবল প্রস্তুতকারী কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে উৎপাদন কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮। | প্রকর্মী (টেস্টিং ও ল্যাব) | ১ টি | বেতন গ্রেড-১৩<br>টাকা ১১৭০০-২৮২৯০/= | (১) এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান পাশ।<br>(২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০(জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় (এমএস ওয়ার্ড ও এমএস এক্সেল) দক্ষ হতে হবে।<br>(৪) টেলিযোগাযোগ/বৈদ্যুতিক ক্যাবল প্রস্তুতকারী কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে ক্যাবল টেস্টিং/উৎপাদন কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৯। | ইলেকট্রিশিয়ান/প্রকর্মী | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস)।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>(৪) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে মেশিন মেরামত কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | লেদ অপারেটর | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (মেশিন টুলস অপারেশন)।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১। | প্রকর্মী (মেকানিক্যাল) | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (জেনারেল মেকানিক্স)।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>(৪) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে মেশিন মেরামত কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২। | প্রকর্মী (ওয়েল্ডার) | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (ওয়েল্ডিং) পাশ।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩)সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে ওয়েল্ডিং কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩। | প্রকর্মী (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) পাশ।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩)সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪। | প্রকর্মী (অটোমোটিভ) | ১ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) এসএসসি ভকেশনাল (অটোমোটিভ) পাশ।<br>(২) এসএসসি ভকেশনাল পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে গাড়ি মেরামতি কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৫। | গাড়ীচালক | ২ টি | বেতন গ্রেড-১৪<br>টাকা ১১৪৪০-২৭৬৯০/= | (১) কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ।<br>(২) প্রার্থীকে গাড়ী চালানোর হেভী/মিডিয়াম লাইসেন্স থাকতে হবে।<br>(৩) সরকারী/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে হেভী/মিডিয়াম গাড়ী চালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৬। | সাহায্যকারী (উৎপাদন/রক্ষণাবেক্ষণ) | ৫ টি | বেতন গ্রেড-১৬<br>টাকা ১০৭৩০-২৫৯৭০/= | (১) এসএসসি অথবা সমমান পাশ।<br>(২) এসএসসি পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।<br>(৩) অত্র প্রতিষ্ঠানে কর্মরত অস্থায়ী (আউটসোর্সিং কর্মীসহ) কর্মীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>(৪) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত শিল্প প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৭। | নিরাপত্তা প্রহরী | ২ টি | বেতন গ্রেড-১৬<br>টাকা ১০৭৩০-২৫৯৭০/= | (১) প্রার্থীকে অবশ্যই সামরিক বাহিনী/বিজিবি এর অবসরপ্রাপ্ত সদস্য হতে হবে।<br>(২) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। |

**শর্তাবলী ঃ**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.bcsl.gov.bd) হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পাওয়া যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)। এছাড়া নিয়োগ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে দেয়া হবে।

৩। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, অভিজ্ঞতা সনদপত্র, চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আগামী ১২-০৪-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে/জিইপি/কুরিয়ার সার্ভিস যোগে অফিস চলাকালীন সময়ে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমনি শিল্প এলাকা, পোঃ সোনালী জুট মিলস, খুলনা-৯২০৬ ঠিকানায় পৌছাতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। হাতে হাতে বা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। ক্রমিক নং-১ থেকে ১৬ পর্যন্ত প্রার্থীর বয়স ১২-০৩-২০২০ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তবে অত্র প্রতিষ্ঠানে নিয়োজিত স্থায়ী/অস্থায়ী (আউটসোর্সিং কর্মীসহ) কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। ক্রমিক নং-১৭ এর ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর।

৫। সরকারী নিয়োগ বিধি অনুযায়ী যাবতীয় কোটা (প্রমাণ সাপেক্ষে) অনুসরণ করা হবে।

৬। ক্রমিক নং-১ থেকে ৩ নং পদের জন্য ৩০০.০০ টাকা এবং ক্রমিক নং-৪ থেকে ১৭ নং পদের জন্য ২০০.০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মূল কপি বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর অনুকূলে সোনালী ব্যাংক, ক্যাবল শিল্প শাখা, খুলনা'র উপর দাখিল করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। আবেদনসমূহ প্রাথমিক বাছাই এর পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় ডাকা হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি অবশ্যই দেখাতে হবে।

৮। লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তিসহ যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে দেয়া হবে এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র সাধারণ ডাক যোগে প্রেরণ করা হবে। তবে কেউ যদি নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশ পত্র না পান সেক্ষেত্রে লিখিত পরীক্ষার পূর্বেই তিনি অফিস সময়ের মধ্যে অত্র প্রতিষ্ঠানে যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

৯। চাকরিরত প্রার্থীদেরকে উপর্যুক্ত শর্তানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। নির্ধারিত ফরম ব্যতীত অথবা ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরে অসত্য/ভূয়া/ ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১৪। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৬। যে কোন ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

12/03/2020

(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)অঃদাঃ।